

ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ে দক্ষিণ এশিয়ার দারিদ্র্যবিষয়ক সেমিনার অনুষ্ঠিত

সেন্টার ফর রিসার্চ অ্যান্ড ট্রেনিংয়ের (সিআরটি) উদ্যোগে রাজধানীতে ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে 'দক্ষিণ এশিয়ার দারিদ্র্য' শীর্ষক এক সেমিনার। গতকাল সোমবার অনুষ্ঠিত সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন দিল্লির জওহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. অমিতাভ কুণ্ডু। সিআরটির চেয়ারপারসন ড. রফিকুল হুদা চৌধুরী সেমিনার সঞ্চালনা করেন। এতে উপস্থিত ছিলেন ইস্ট ওয়েস্ট বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ, বিভিন্ন অনুষদের ডিন, বিভিন্ন বিভাগের চেয়ারপারসন, রেজিস্ট্রার, শিক্ষক-শিক্ষার্থী ও আমন্ত্রিত অতিথিরা। সেমিনারে অধ্যাপক কুণ্ডু দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশের অর্থনৈতিক ও সামাজিক সূচকগুলো তুলে ধরেন। গ্রাম ও শহরের শিক্ষা-স্বাস্থ্য-আয়ে বৈষম্যের কথা উল্লেখ করে তিনি সামাজিক সূচকে আরো ভালো করতে ছোট ও মাঝারি শহরের সংখ্যা বাড়ানোর সুপারিশ করেন। সংবাদ বিজ্ঞপ্তি।